

৪। স্কুলের আগিনায় সবজি বাগান

পুষ্টি বাগান কার্যক্রমে শিক্ষার্থী	
এক্টিভিটি শিট	স্কুলের আগিনায় সবজি বাগান
<p>অংশগ্রহণকারী : ৪-৫ জন নিউট্রিশন ক্লাব এর সদস্য।</p> <p>বাগান করার স্থান : নিজ শিক্ষা প্রতিষ্ঠানে খেলার মাঠে নির্ধারিত স্থান।</p> <p>সময় : বছরে ৪ বার</p> <p>উপকরণ :</p> <ul style="list-style-type: none">• বাগান করার জন্য নির্ধারিত স্থান• বীজ (মৌসুম অনুযায়ী)• সার• বাঁজরি• আগাছা পরিষ্কার, নিড়ানি দেয়ার জন্য উপকরণ। <p>বিশেষ লক্ষণীয়:</p> <ul style="list-style-type: none">• ৪-৫ জন নিউট্রিশন ক্লাব সদস্যরা মিলে একটি দল গঠন করবে এবং স্কুল কর্তৃপক্ষ/ প্রিন্সিপালকে নিজেদের প্রকল্প সম্পর্কে	<p>ভূমিকা : বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের খেলার মাঠে স্বল্প পরিসরে শিক্ষার্থীরা বিভিন্ন ধরনের শাক-সবজির উৎপাদন করতে পারে। সুষ্ঠু পরিকল্পনা ও সঠিক পরিচর্যার মাধ্যমে শিক্ষার্থীরা নিজেসাই শাকসবজির বাগান করতে পারে এবং বিভিন্ন ধরনের শাকসবজির উৎপাদন করে নিজেদের পুষ্টি চাহিদা পূরণে সাহায্য করতে পারে।</p> <p>উদ্দেশ্য : শিক্ষার্থীরা স্কুলের আগিনায় বাগান তৈরির মাধ্যমে হাতেকলমে শাকসবজি, ফলমূল উৎপাদন পরিচর্যা সম্পর্কে শিখতে পারবে এবং এর মাধ্যমে নিজেদের চাহিদা পূরণে নিজেসাই সফল হবে। একই সাথে কোন সবজি বা ফল কি পুষ্টি সরবরাহ করে এবং স্বাস্থ্যের উপর তার উপকারীতা সম্পর্কেও জানতে পারবে। এছাড়া প্রচলিত পদ্ধতি অনুসরণ না করেও নতুন পদ্ধতির মাধ্যমে কিভাবে সবজি বাগান করা যায় সে সম্পর্কে জানবে।</p> <p>কি কি কাজ করতে হবে :</p> <ul style="list-style-type: none">• স্কুল কর্তৃপক্ষ/প্রিন্সিপাল স্কুল বাগান করার জন্য স্কুলের মাঠে বাগান করার জন্য একটি জায়গা বাছাই করে দিবে।• শিক্ষার্থীরা স্থানীয় কৃষি কর্মকর্তা অথবা কোন কৃষিবিদ/কৃষি সম্পর্কে বিশেষজ্ঞ ব্যক্তির সাথে কথা বলবে এবং বাগান করার বিভিন্ন পদ্ধতি সম্পর্কে তার কাছ থেকে জেনে নিবে।• কৃষি কর্মকর্তা/কৃষিবিদের কাছ থেকে পাওয়া তথ্য অনুযায়ী শিক্ষার্থীরা বাগানের জন্য প্লট তৈরি করবে (মাটিতে সার দেয়া, বীজ/চারা রোপণের জন্য জায়গা নির্ধারিত করে দেয়া)।• এরপর শিক্ষার্থীরা মৌসুম অনুযায়ী সবজি নির্বাচন করবে এবং বীজ সংগ্রহ করবে।• সংগ্রহ করা বীজ চারা নির্দিষ্ট দূরত্ব বজায় রেখে বপন করবে। শিক্ষার্থীরা নিজেসাই নিয়মিত গাছের পরিচর্যা করবে, যেমন- সার দেয়া, পানি দেয়া, আগাছা পরিষ্কার করা, পোকামাকড় দমন,

জানিয়ে এ ব্যাপারে অনুমতি
নিবে।

সদস্যরা বপনের জন্য বীজ
এবং বাগান করার
প্রয়োজনীয় উপকরণ,
যেমন: সার, বাঁজরি,
আগাছা পরিষ্কার ও নিড়ানি
দেয়ার জন্য উপকরণ
ইত্যাদি নিজ উদ্যোগে
সংগ্রহ করবে।

নিড়ানি দেয়া ইত্যাদি।

- বাগান করার প্রতিটি কাজ, যেমন: বীজবপন, পরিচর্যা, ফল সংগ্রহ
ইত্যাদির জন্য একটি সময় তালিকা থাকবে এবং সদস্যরা সেই
অনুযায়ী কাজ করতে থাকবে।
- যে সদস্য যেই চারা (বড় গাছের ক্ষেত্রে) বপন করবে, সেটির
সামনে নিজের নাম লেখা কার্ড/কাগজ লাগিয়ে দিবে।
- সবজি/ফলমূল খাওয়ার উপযোগী বড় হলে, সদস্যরা নিজেরাই
সেগুলো সংগ্রহ করবে।
- সংগ্রহ করা সবজি ও ফলমূল বিতরণের জন্য সদস্যরা শিক্ষকের
পরামর্শ নিবে।
- যেদিন যে সদস্য বাগান পরিচর্যার যেই কাজটি করবে সেই কাজের
বর্ণনা, সদস্যের নাম ও তারিখসহ খাতায় লিখে রাখবে।
- প্রতিটি কাজের ছবি তুলে রাখা হবে। ছবিগুলো “ফেইসবুক
প্রচারণা দল”- এর সদস্যদের কাছে দেয়া হবে। তারা সেই ছবি
নিয়মিত ফেইসবুকে দেয়ার মাধ্যমে নিজেদের প্রকল্প সম্পর্কে
সকলকে জানাবে।

মেন্টরের করণীয় :

“নিউট্রিশন ক্লাব” এর মেন্টর নিয়মিত কাজের খোঁজ খবর নিবেন,
সদস্যরা ঠিকমতো গাছের পরিচর্যা করছে কিনা বা কোন অসুবিধার
সম্মুখীন হচ্ছে কিনা সে বিষয়ে লক্ষ্য রাখবেন।

প্রয়োজনীয় টিপস:

১. বীজ বপনের পর মাটির উপর কাঠের গুঁড়া ছিটিয়ে দেয়া যেতে
পারে। কাঠের গুঁড়া পানি ধরে রেখে মাটির অর্দ্রতা ঠিক রাখে।
২. বাগানের চারপাশে বেড়া দিয়ে দিতে হবে। এক্ষেত্রে গাড়ির টায়ার,
কাঠ, বাঁশ, তার, ইত্যাদি বেড়ার জন্য ব্যবহার করতে পারবে।
৩. সদস্যরা গাছ লাগানোর জন্য গাড়ির টায়ার, পানির খালি বোতল,
তেলের জেরিক্যান, দইয়ের হাঁড়ি ইত্যাদি ব্যবহার করতে পারবে।
৪. সদস্যরা স্কুল/শিক্ষা প্রতিষ্ঠানে বন্ধের দিনও গাছের পরিচর্যা
কার্যক্রম চালিয়ে যাবে। (সাপ্তাহিক ছুটি, বাৎসরিক ছুটি, যেমন-
গ্রীষ্মকালীন ছুটি, শীতকালীন ছুটি, পরীক্ষা পরবর্তী ছুটি, বিভিন্ন
উৎসব উপলক্ষ্যে ছুটি) নিজেরা অপারগ হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে
দায়িত্ব দিয়ে যাবে।
৫. গাছ পরিচর্যা এবং সংরক্ষণের ব্যাপারে সদস্যরা নিজেরা সচেতন

থাকবে এবং অন্যদেরও এ ব্যাপারে উৎসাহিত করবে।

সম্ভাব্য বাঁধা:

সদস্যরা কিছু বাঁধা-বিপত্তির জন্য নিজেদের তৈরি রাখবে, যেমন- সদস্যরা ক্লাস বা পরীক্ষা থাকার কারণে সময় নাও দিতে পারে।

সম্ভাব্য ঝুঁকি:

- গাছে পোকামাকড়ের আক্রমণ, ছত্রাক, রোগের আক্রমণ।
- গাছ ঠিকমতো না বাড়া, ফলন কম / ঠিকমতো না হওয়া।
- প্রাকৃতিক দুর্যোগ (বৃষ্টি, ঝড়, অতিরিক্ত রোদ) এ গাছের ক্ষতি হওয়া।

সমাধান:

- যে কোন সমস্যা (বাঁধা ও ঝুঁকি) মোকাবেলার জন্য মেন্টর এবং কৃষি কর্মকর্তার পরামর্শ গ্রহন করবে।